গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, মুন্সীগঞ্জ
নেজারত শাখা
www.munshiganj.gov.bd

স্মারক নম্বর: ০৫.৩০.৫৯০০.২০২.০৬.০১৪.১৯.৭৩৫

তারিখ: ১৬ কার্তিক ১৪৩৩ / ০১ নভেম্বর ২০২৬

নিয়োগ বিজ্ঞপ্তি

কালেক্টরেট জামে মসজিদ, মুন্সীগঞ্জ-এ নিম্নবর্ণিত পদসমূহে অস্থায়ী ভিত্তিতে নিয়োগের নিমিত্ত শর্তানুযায়ী দরখাস্ত আহ্বান করা হচ্ছে।

ক্র.	পদবি	পদ সংখ্যা	মাসিক সম্মানী (সর্বসাকুল্যে)	যোগ্যতা ও অভিজ্ঞতা
০১	পেশ ইমাম	১ জন	৩০,০০০ টাকা	(ক) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক প্রথম শ্রেণির কামিল/দাওরায়ে হাদিস পাস। সংশ্লিষ্ট ক্ষেত্রে পেশ ইমাম হিসেবে ন্যূনতম ০৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। (খ) কোনো প্রতিষ্ঠানের মুফতি বা মুহাদ্দিস অথবা ইলমে ক্বিরাত ও ফতোয়া বিষয়ে অভিজ্ঞদের অগ্রাধিকার দেয়া হবে। (গ) বিশুদ্ধ তিলাওয়াতে হাফেজে কুরআন, খুতবা প্রদানে পারদর্শী এবং সুমিষ্ট কণ্ঠের অধিকারী হতে হবে।
০২	মুয়াজ্জিন	১ জন	২০,০০০ টাকা	(ক) দ্বিতীয় শ্রেণির আলিম অথবা কওমি শরহুল বেকায়া শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন স্বীকৃত বোর্ড/প্রতিষ্ঠান থেকে সনদধারী। সংশ্লিষ্ট ক্ষেত্রে মুয়াজ্জিন হিসেবে ৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। (খ) বিশুদ্ধ তিলাওয়াতে হাফেজে কুরআন ও ইলমে ক্বিরাতের উপর স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক সনদপ্রাপ্ত এবং সুমধুর আযান দানে সক্ষমদের অগ্রাধিকার দেয়া হবে।
০৩	খাদেম	১ জন	১৫,০০০ টাকা	(ক) ন্যূনতম দ্বিতীয় শ্রেণির দাখিল বা সমমানের মাদরাসা শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন হতে হবে। সৎ ও আমানতদার এবং সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। (খ) মসজিদে খাদেম হিসেবে ন্যূনতম ২ (দুই) বছরের বাস্তব কর্ম-অভিজ্ঞতা সম্পন্নদের অগ্রাধিকার দেয়া হবে।

শর্তাবলি:

০১। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।

০২। প্রার্থীকে অবশ্যই জেলা প্রশাসক ও সভাপতি কালেক্টরেট জামে মসজিদ পরিচালনা কমিটি বরাবর স্বহস্তে নির্ধারিত ফরমে আবেদন করতে হবে।

০৩। আবেদনপত্রে (ক) প্রার্থীর নাম (খ) পিতার নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জন্ম তারিখ (ছ) জাতীয়তা (জ) শিক্ষাগত যোগ্যতা (ঝ) অভিজ্ঞতা (ঞ) মোবাইল নম্বর উল্লেখপূর্বক আবেদন করতে হবে।

০৪। আবেদনপত্রের সাথে ১ নং পদের জন্য ২০০ (দুইশত) টাকা এবং ২-৩ নং পদের জন্য ১০০ (একশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার **জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ**-এর অনুকূলে সংযুক্ত করতে হবে।

CamScanner

০৫। আবেদন ফরম munshiganj.gov.bd ওয়েবসাইট থেকে অথবা নেজারত শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, মুন্সীগঞ্জ থেকে সংগ্রহ করা যাবে।

০৬। প্রার্থীর বয়স আগামী ৩০/১১/২০২৬ তারিখে ১ নং পদের জন্য ২৫-৪০ বছর এবং অন্যান্য পদের জন্য ২০-৩৫ বছর হতে হবে। বয়সের ক্ষেত্রে এফিডেবিট গ্রহণযোগ্য নয়।

০৭। আবেদনপত্র জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ বরাবর আগামী ৩০/১১/২০২৬ তারিখের মধ্যে অফিস চলাকালীন ফ্রন্ট ডেস্ক শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, মুন্সীগঞ্জ-এ সরাসরি/ডাকযোগে জমা দিতে হবে। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদন বাতিল বলে গণ্য হবে।

০৮। আবেদনপত্রের সাথে (ক) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সকল সনদপত্রের সত্যায়িত ফটোকপি (খ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি (গ) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক নাগরিকত্ব সনদপত্র (ঘ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ এবং (ঙ) ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবির সত্যায়িত কপি দাখিল করতে হবে। আবেদনপত্র ও খামের উপর অবশ্যই পদের নাম উল্লেখ করতে হবে।

০৯। বাছাইকৃত প্রার্থীদের পরীক্ষার তারিখ, সময় ও স্থান পরবর্তীতে জেলা প্রশাসকের কার্যালয়ের নোটিশবোর্ড ও ওয়েবসাইট (www.munshiganj.gov.bd) এর মাধ্যমে অবহিত করা হবে।

১০। আবেদনপত্রের সাথে প্রার্থীর নাম ও ঠিকানা সম্বলিত ১০ (দশ) টাকার অব্যবহৃত ডাকটিকিট লাগানো ১টি ফেরত খাম (১০.৫ ইঞ্চি × ৪ ইঞ্চি) সংযুক্ত করতে হবে।

১১। কোনো কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ নিয়োগ বিজ্ঞপ্তির শর্তাবলি পরিবর্তন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

১২। প্রার্থীদের পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৩। এ নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী।

১৪। কোনো প্রকার তদবির/সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।

১৫। নিয়োগের জন্য সুপারিশপ্রাপ্তকে সিভিল সার্জন বা তার প্রতিনিধি কর্তৃক স্বাস্থ্য পরীক্ষা শেষে শারীরিক সুস্থতা সম্পর্কে উপযুক্ত প্রমাণপত্র দাখিল করতে হবে।

১৬। আবেদনপত্র গ্রহণ, বাতিল ও সংরক্ষণসহ নিয়োগ বিজ্ঞপ্তির যেকোনো অংশের পরিবর্তন ও সংশোধনের ক্ষমতা নিয়োগকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করে এবং নিয়োগ প্রদানের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৩.১১.২৫

সৈয়দা নুরমহল আশরাফী
জেলা প্রশাসক
মুন্সীগঞ্জ
ও
সভাপতি, কালেক্টরেট জামে মসজিদ পরিচালনা কমিটি
মুন্সীগঞ্জ

CamScanner